(একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পরিকল্পনা-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

স্মারক নং-১৮.০২৪.০১৪.০০২.০২০.২০১৭/২৯ তারিখঃ ১৪ ফেব্রুয়ারি ২০১৯

**বিষয়ঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের ২০১৮-২০১৯ অর্থ বছরের আরএডিপিভুক্ত এবং সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প সমূহের ডিসেম্বর ২০১৮ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।**

নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, জনাব খালিদ মাহমুদ চৌধুরী (এমপি) এর সভাপতিত্বে গত ০৩/০২/২০১৯ তারিখে অনুষ্ঠিত অত্র মন্ত্রণালয় এবং এর আওতাধীন সংস্থাসমূহের ২০১৮-২০১৯ অর্থ বছরের এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পের ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ২ (দুই) পৃষ্ঠা।

১৪/২/১৯
মোঃ আরিফুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৮৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শেরে-বাংলা নগর, ঢাকা (দৃঃ আঃ উপ-সচিব/উপ-প্রধান, ইউ এন- ৩)।
৩। সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন/বন্দর/চবক/সংস্থা/উন্নয়ন), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা, বাগেরহাট।
৬। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর ভবন, চট্টগ্রাম।
৭। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, শাহবাগ, ঢাকা।
৮। চেয়ারম্যান, স্থল বন্দর কর্তৃপক্ষ, টিসিবি ভবন, কাওরাণ বাজার, ঢাকা।
৯। চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ, আল-আমিন মিলিনিয়াম টাওয়ার, লেভেল-৭, ৭৫-৭৬ কাকরাইল, ঢাকা।
১০। বিভাগ প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
১১। মহা-পরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
১২। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
১৪। যুগ্ম-সচিব (বাজেট), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, জুলদিয়া, চট্টগ্রাম।
১৬। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, হালিশহর, চট্টগ্রাম।
১৭। পরিচালক-১১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেঁজগাও, ঢাকা।
১৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৯। সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান (১/২/৩/৪/৫) নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ

১। মাননীয় প্রতি মন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (তাঁকে সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
৪। যুগ্ম প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। উপ প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। অফিস কপি।

E/P-5/ADP.MINTS.LETTER

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পরিকল্পনা-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয়ঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের ২০১৮-১৯ অর্থবছরের এডিপিভূক্ত এবং সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতিঃ | খালিদ মাহমুদ চৌধুরী, মাননীয় প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয় |
| সভার তারিখঃ | ৩/২/২০১৯ ইং |
| সময়ঃ | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থানঃ | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতিঃ | পরিশিষ্ট "ক"। |

০২। মাননীয় প্রতিমন্ত্রীর অনুমতিক্রমে সভার কার্যক্রম শুরু করা হয়। সচিব মহোদয় সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি ২০১৮-১৯ অর্থবছরের উন্নয়ন বাজেটে গৃহীত প্রকল্পসমূহের ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য যুগ্মপ্রধান-কে সভার বিষয়সমুহ বিস্তারিত উপস্থাপনের জন্য অনুরোধ জানান। যুগ্মপ্রধান, নৌপরিবহন মন্ত্রণালয় সভাকে অবহিত করেন যে, ২০১৮-১৯ অর্থবছরে নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতায় মোট ৪৫ টি (এডিপিভুক্ত ৩৫ টি + নিজস্ব অর্থায়ন ১০ টি) প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। ২০১৭-১৮ অর্থবছরে এর সংখ্যা ছিল ৩৫ টি ((এডিপিভুক্ত ২৫ টি + নিজস্ব অর্থায়ন ১০ টি) । ২০১৮-১৯ অর্থবছরে ৪৫ টি প্রকল্পের অনুকুলে বরাদ্দকৃত ৪১৭২.৫৪ কোটি টাকা যা ২০১৭-১৮ অর্থবছরের এডিপি বরাদ্দে প্রায় ৪৮% বেশি। ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ১৩৯৮.২২ কোটি টাকা, যা বরাদ্দের ৩৩.৫২ %। এ ব্যয় জাতীয় অগ্রগতি ২৭.৪৫% অপেক্ষা ৬.০৭% বেশি। সংস্থার নিজস্ব অর্থায়ন ব্যতীত এডিপিতে বাস্তবায়নাধীন ৩৫ টি উন্নয়ন প্রকল্পের অনুকূলে মোট ২৮৫৪.৬৫ কোটি টাকা বরাদ্দ আছে যা গত বছরের তুলনায় ৩২.৪৬ গুণ বেশি। সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন ১০ টি উন্নয়ন প্রকল্পের অনুকূলে মোট ১৩১৭.৮৯ কোটি টাকা বরাদ্দ আছে যা গত বছরের তুলনায় ১১০.৬৫ গুণ বেশি। এছাড়া চলতি ২০১৮-১৯ অর্থবছরে ডিসেম্বর পযন্ত নতুন ২০ টি প্রকল্প অনুমোদিত হয়েছে। ফলে ২০১৮-১৯ অর্থবছরের প্রস্তাবিত আরএডিপিতে ৬৪ টি প্রকল্পের অনুকূলে ৫৪৯৪.৩২ কোটি ( জিওবি ৪৮৬০.২৭ কোটি+ প্রকল্প সাহায্য ৬৩৪.০৫ কোটি) টাকা প্রস্তাব করা হয়েছে।

০৩। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষন ও মুল্যায়ন বিভাগ (আইএমইডি) প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতির জন্য সন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন, আইএমইডি উন্নয়ন প্রকল্প মনিটরিং করে থাকে। চলতি অর্থ বছরে বাস্তবায়নাধীন ১৫০৭ টি প্রকল্প এ অর্থবছরে মনিটরিং করছে। গত অর্থবছরে প্রকল্প বাস্তবায়নে নৌপরিবহন মন্ত্রণালয়ের অগ্রগতি ছিল ৯৯.০৬% যা প্রশংসার দাবিদার। এডিপিভুক্ত ৪৫ টি প্রকল্পের মধ্যে অনেক প্রকল্পের অগ্রগতি পিছিয়ে থাকায় গতি বাড়ানোর বিষয়ে তিনি পরামর্শ দেন। প্রকল্প একনেক কর্তৃক অনুমোদিত হওয়ার সঙ্গে সঙ্গে বাস্তবায়ন কাজ শুরু করা ও বছরের শুরুতেই ক্রয় পরিকল্পনা করে সে অনুযায়ী বাস্তবায়নের নির্দেশনা দেন। প্রকল্পের মেয়াদ বৃদ্ধি/সংশোধন এর ক্ষেত্রে সংস্থা প্রধানদের সচেতন হওয়ার পরামর্শ দেন। উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে আইএমইডির সচিব মহোদয়ের উদ্যোগ এবং উপস্থিতি অত্যন্ত প্রশংসার দাবীদার মর্মে সচিব নৌপরিবহন মন্ত্রণালয় উল্লেখ করেন। তিনি আইএমইডির সচিব মহোদয়ের পরামর্শ অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করার জন্য সকল প্রকল্প পরিচালককে নির্দেশনা দেন।

০৪. সভায় ২০১৮-১৯ অর্থবছরে এডিপিতে অন্তর্ভূক্ত প্রতিটি প্রকল্পের বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয়। বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র.ন | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৪.১ | **ড্রেজ ম্যাটারিয়াল সংক্রান্তঃ** নৌরুট খননের ফলে প্রাপ্ত ড্রেজ ম্যাটারিয়াল সংরক্ষণে বিভিন্ন জায়গায় সমস্যা হওয়ায় প্রকল্প বাস্তবায়নে বিলম্ব হচ্ছে। সভায় যে সকল জায়গায় খাস জমির অপ্রাপ্যতা রয়েছে, সেসকল জায়গায় ড্রেজ ম্যাটারিয়াল সংরক্ষণের জন্য জায়গা ভাড়া করার পরামর্শ প্রদান করা হয় অথবা স্কুল/কলেজ/মাদ্রাসায় প্রদানের নির্দেশনা দেয়া হয়। | ড্রেজিং এর ফলে প্রাপ্ত ড্রেজ ম্যাটারিয়াল সংরক্ষণের জন্য জায়গা ভাড়া নেয়া যেতে পারে অথবা স্কুল/কলেজ/মাদ্রাসা এবং হাট বাজারে প্রদান করা যেতে পারে। তবে এক্ষেত্রে পর্যাপ্ত প্রমানক সংরক্ষণ করতে হবে। এ বিষয়ে জারীকৃত নির্দেশিকা অনুসরণ করতে হবে। | সংস্থা প্রধান/প্রকল্প পরিচালকগণ |
| ৪.২ | **ড্রেজিং কাযক্রম:** গত অর্থবছরে সিলেট ও তার পাশ্ববর্তী এলাকায় বন্যা ও বন্যা পরবর্তী পানি নিস্কাশনে অসুবিধার কারনে ফসলের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। বিআইডব্লিউটিএ এর ৫৩ নৌরুট খনন প্রকল্পের আওতায় এই এলাকার মনু নদীতে ড্রেজিং করা হচ্ছে। এবছর বর্ষা মৌসুম আসার পূর্বে মনু নদীতে প্রয়োজনে বেশী সংখ্যক ড্রেজার স্থাপন করে ড্রেজিং কাজ দ্রুত শেষ করার নির্দেশনা প্রদান করা হয়। | মনু নদীতে প্রয়োজনে বেশী সংখ্যক ড্রেজার স্থাপন করে ড্রেজিং কাজ দ্রুত শেষ করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ৪.৩ | **ড্রেজিং সমন্বয়করণঃ** নৌপরিবহন মন্ত্রণালয় ও পানি সম্পদ মন্ত্রণালয় ড্রেজিং করে থাকে। ড্রেজিং এর ক্ষেত্রে দ্বৈততা পরিহারের লক্ষ্যে পানি উন্নয়ন বোর্ডের সাথে বিআইডব্লিউটিএকে সমন্বয় করার নির্দেশনা প্রদান করা হয় । | ড্রেজিং এর ক্ষেত্রে পানি উন্নয়ন বোর্ডের সাথে সমন্বয় করে কাজ করতে হবে। | চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ ও প্রকল্প পরিচালকগণ |
| ৪.৪ | **প্রকল্প সংশোধনঃ** প্রকল্প সংশোধনের জন্য পরিকল্পনা পরিপত্র অনুযায়ী অর্থবছর শেষ হওয়ার ৩ মাস পুর্বে ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হয়। সে অনুযায়ী যে সকল প্রকল্পের সংশোধন দরকার তার প্রস্তাব ফেব্রুয়ারি ২০১৯ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। | যে সকল প্রকল্পের সংশোধন দরকার তার প্রস্তাব ফেব্রুয়ারি ২০১৯ এর মধ্যে আবশ্যিকভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সংস্থা প্রধানগণ ও প্রকল্প পরিচালকগণ |
| ৪.৫ | **জিএমডিএসএস প্রকল্পঃ** এ প্রকল্পটি ২০১৪ সালে অনুমোদিত হয় কিন্তু কাজের গতি সন্তোষজনক নয়। স্টীল টাওয়ার নির্মাণে কোরিয়ান এক্সিম ব্যাংকের সাথে উদ্ভুত সমস্যার বিষয়ে আলোচনা হয়। প্রকল্পটির কাজ তরান্বিতকরণ ও কোরিয়ান এক্সিম ব্যাংকের সাথে উদ্ভুত সমস্যা নিয়ে ইআরডির মাধ্যমে সমাধানের নির্দেশনা প্রদান করা হয়। | প্রকল্পটির কাজ তরান্বিত করতে হবে। এছাড়া স্টীল টাওয়ার বিষয়ে কোরিয়ান এক্সিম ব্যাংকের সাথে উদ্ভুত সমস্যা নিয়ে ইআরডির মাধ্যমে সমাধান করতে হবে। | মন্ত্রণালয় ও নৌপরিবহন অধিদপ্তর |
| ৪.৬ | **প্রকল্পের মনিটরিংঃ** গত অর্থবছরে প্রকল্প বাস্তবায়নে নৌপরিবহন মন্ত্রণালয়ের অগ্রগতি সন্তোষজনক (৯৯.০৬%) ছিল যা অব্যহত রাখার জন্য মন্ত্রণালয়ের মনিটরিং কর্মকর্তা, সংস্থাপ্রধান ও প্রকল্প পরিচালকদের নির্দেশনা প্রদান করা হয়। | প্রকল্প বাস্তবায়ন ও মনিটরিং আরো তরান্বিত করতে হবে। | সংস্থা প্রধানগণ এবং প্রকল্প পরিচালকগণ |
| ৪.৭ | **চলতি ২০১৮-২৯ অর্থবছরে সমাপ্য প্রকল্প সমাপ্তিকরণঃ** চলতি ২০১৮-১৯ অর্থবছরে ১১ টি প্রকল্প সমাপ্তির জন্য নির্ধারিত আছে। সভায় "শীপ পার্সোনেল ট্রেনিং ইন্সটিটিউট স্থাপন, মাদারীপুর" প্রকল্প ব্যতীত অন্যগুলো সমাপ্তির জন্য নির্দেশনা প্রদান করা হয়। | চলতি ২০১৮-১৯ অর্থবছরে 'শীপ পার্সোনেল ট্রেনিং ইন্সটিটিউট স্থাপন, মাদারীপুর' প্রকল্প ব্যতীত অন্য সমাপ্য প্রকল্পসমূহ সমাপ্তির উদ্যোগ গ্রহণ করতে হবে। | সংস্থা প্রধানগণ এবং প্রকল্প পরিচালকগণ |

| ক্র.ন | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৪.৮ | **বাংলাদেশে ৪ টি মেরিন একাডেমী স্থাপনঃ** প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য প্রকল্পের মেয়াদ ১ বছর বৃদ্ধিসহ সংশোধিত প্রকল্প অনুমোদনের নিমিত্ত দ্রুত পরিকল্পনা কমিশনে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। | ৪ টি মেরিন একাডেমী স্থাপন প্রকল্পটি ১ বছর মেয়াদ বৃদ্ধিসহ সংশোধিত ডিপিপি দ্রুত পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ৪.৯ | **ক্রয় পরিকল্পনাঃ** সভায় ক্রয় পরিকল্পনা নিয়ে আলোচনা হয় এবং আগামী মার্চ ২০১৯ এর মধ্যে সকল ক্রয় কার্যের Notification of Award (NOA) প্রদান করার উপর গুরুত্বারোপ করা হয়। | আগামী মার্চ ২০১৯ এর মধ্যে সকল ক্রয় কার্যের Notification of Award (NOA) জারী করতে হবে। | প্রকল্প পরিচালকগণ |
| ৪.১০ | **প্রকল্পের অর্থছাড়ঃ** প্রকল্পের অর্থছাড়ের বিষয়ে সভায় আলোচনা হয় এবং ৩য় কিস্তির অর্থছাড়ের প্রস্তাব আগামী ২০/০২/২০১৯ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে দাখিলের নির্দেশনা প্রদান করা হয় । | প্রকল্পের ৩য় কিস্তির অর্থছাড়ের প্রস্তাব আগামী ২০/০২/২০১৯ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | সংস্থা প্রধানগণ ও প্রকল্প পরিচালকগণ |
| ৪.১১ | **'বুড়িগঙ্গা, তুরাগ, শীতলক্ষ্যা ও বালু নদীর তীরভুমিতে পিলার স্থাপন, তীররক্ষা, ওয়াকওয়ে ও জেটিসহ আনুষঙ্গিক অবকাঠামো নির্মাণ' শীর্ষক প্রকল্পের সকল প্রস্তুতি সম্পন্নকরণঃ** ঢাকার চারপাশে বুড়িগঙ্গা, তুরাগ, শীতলক্ষ্যা ও বালু নদীর দখল দূষণ রোধকল্পে গৃহীত কার্যক্রম চলমান রাখতে হবে যাতে ৫০ কি.মি. ওয়াকওয়ে নির্মাণ কাজ দ্রুত শুরু করা যায়। | 'বুড়িগঙ্গা, তুরাগ, শীতলক্ষ্যা ও বালু নদীর তীরভুমিতে পিলার স্থাপন, তীররক্ষা, ওয়াকওয়ে ও জেটিসহ আনুষঙ্গিক অবকাঠামো নির্মাণ' শীর্ষক প্রকল্পের বাস্তব কাজ জুন'২০১৯ সময় থেকে শুরু করার উদ্যোগ গ্রহণ করতে হবে। প্রকল্পের ক্রয় সংক্রান্ত সকল কার্যক্রম দ্রুত সমাপ্ত করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ৪.১২ | **প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি অর্জনঃ** আরএডিপির বরাদ্ধ অনুযায়ী ১০০% অগ্রগতি অর্জনের লক্ষ্যে সংস্থাসমূহ এখন থেকে জোর প্রচেষ্টা গ্রহণ করবে । | আরএডিপির বরাদ্ধ অনুযায়ী ১০০% অগ্রগতি অর্জনের লক্ষ্যে সংস্থাসমূহ এখন থেকে জোর প্রচেষ্টা গ্রহণ করবে। | প্রকল্প পরিচালকগণ |

০৪। সভাপতি মহোদয় এডিপির ১০০% গুণগত মান বজায় রেখে প্রকল্প বাস্তবায়নের নির্দেশনা দেন। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(খালিদ মাহমুদ চৌধুরী) ১২.০২.১৯
প্রতিমন্ত্রী
নৌপরিবহন মন্ত্রণালয়